যুগান্তর

তারিখ ... 26. MAY. 2016. ...
পৃষ্ঠা ...১৭... কলাম...১... ......

৩৪তম বিসিএস

# শিক্ষা ক্যাডারের ৭৫০ কর্মকর্তাকে পদায়ন

যুগান্তর রিপোর্ট

স্থাবর-অস্থাবর সম্পদের হিসাব দাখিলসহ ১৪ শর্তে পদায়ন করা হয়েছে ৩৪তম বিসিএসে উত্তীর্ণ শিক্ষা ক্যাডারের সাড়ে ৭শ' কর্মকর্তাকে। বুধবার শিক্ষা মন্ত্রণালয় এই আদেশ জারি করেছে। নির্বাচিত কর্মকর্তাদের ১ জুন পদায়িত কলেজে যোগ দিতে হবে। নতুন পদায়িত কর্মকর্তাদের মধ্যে সবচেয়ে বেশি ইংরেজিতে ৯৭ জন। এরপরই বাংলায় ৭৭ জন। সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজের ৮ জন আছে। এছাড়া অর্থনীতি, ইসলামের ইতিহাস, ইতিহাস, হিসাববিজ্ঞানসহ ২৩ বিষয়ের কর্মকর্তা আছেন।

১৪ শর্তের মধ্যে উল্লেখ্যযোগ্য হচ্ছে— এসব কর্মকর্তাকে পদায়িত কলেজে কমপক্ষে ২ বছর চাকরি করতে হবে। লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা সরকার নির্ধারিত বুনিয়াদি প্রশিক্ষণ নিতে হবে। বুনিয়াদি প্রশিক্ষণ শেষে কর্মকর্তার চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেভাবে ঠিক করবে সেভাবে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ নিতে হবে। এ দুই শর্ত পূরণ করলে চাকরি স্থায়ী হবে। কর্মকর্তাদের শিক্ষানবিস কাল হবে ২ বছর। এ সময়ে চাকরিতে বহাল থাকা অনুপযোগী মনে করলে অপসারণ করা যাবে।